

খালেদা জিয়া মেডিক্যাল কলেজ বদলি হলেও দায়িত্ব ছাড়ছেন না অধ্যক্ষ

॥ আব্দুল বাব্বের ॥

শেরেবাংলানগর বেগম খালেদা জিয়া মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডাঃ এ কে এম আজিজুল হককে পশু হাসপাতালে এ্যানেসথেসিওলজি বিভাগের অধ্যাপক হিসেবে বদলি করা হয়। তিন সপ্তাহ আগে বদলি হলেও তিনি দায়িত্ব বুঝিয়ে দেননি। তার স্থলে মেডিক্যাল কলেজে একই দিনে সার্জারী বিভাগের অধ্যাপক ডাঃ আব্দুল কাদের বানকে অধ্যক্ষ হিসেবে বদলি করা হয়। তিনি স্বাস্থ্য অধিদপ্তরের ওএসডি ছিলেন। অধ্যক্ষ হিসেবে অধ্যাপক ডাঃ কাদের বান বেগম খালেদা জিয়া মেডিক্যাল কলেজে যোগদান করলে তার কাছে ডাঃ আজিজুল হক দায়িত্বভার বুঝিয়ে দেয়ার জন্য কয়েক দফা অনুরোধ করলে তিনি তা প্রত্যাখ্যান করেন। ডাঃ আজিজুল হক ডায়েরি সভাপতি ছোট সরকারের আমলে এ্যানেসথেসিওলজি বিভাগের একজন জিপ্রোগ্রামারি চিকিৎসক হয়ে কমতার দাপটে তিনি নিয়ম উপেক্ষা করে অধ্যক্ষ পদে অধিষ্ঠিত হন। এখনো তার সেই সোঁদত দাপট কমেনি। তার দাপটে উক্ত মেডিক্যাল কলেজের কোন শিক্ষক ভয়ে মুখ ভুলতে পারেনি। নাম প্রকাশে অনিচ্ছুক বেগম খালেদা জিয়া মেডিক্যাল কলেজের একজন শীর্ষ কর্মকর্তা বলেন, নতুন অধ্যক্ষ অধ্যাপক ডাঃ কাদের বান যোগদান করলেও দায়িত্বভার না পাওয়ার প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এই ব্যাপারে অধ্যাপক ডাঃ আজিজুল হক (১৫শ পৃঃ ৭-এর কঃ প্রঃ)

খালেদা জিয়া মেডিক্যাল

(১৬শ পৃঃ পর)

বলেন, পুনরায় ঐ পদে ফিরে আসার চেষ্টা করা হচ্ছে। কিছু কিছু বিষয়ের কারণে দায়িত্বভার নতুন অধ্যক্ষের নিকট বুঝিয়ে দিতে পারছেন না। স্বাস্থ্য মন্ত্রণালয় হতে গত ২১ এপ্রিল বেগম খালেদা জিয়া মেডিক্যাল কলেজ থেকে ডাঃ আজিজুল হককে পায়ের পশু হাসপাতালে বদলি করা হয়।